**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**গণপূর্ত অধিদপ্তর**
**প্রগতি শাখা**

| | | |
|---|---|---|
| বিষয় | : | **নভেম্বর/২০১৬ প্রাক-সমন্বয় সভার কার্যবিবরণী** |
| সভাপতি | : | জনাব মোঃ খোরশেদ আলম, অতিরিক্ত প্রধান প্রকৌশলী (সওস) |
| তারিখ ও সময় | : | ২২/১১/২০১৬ইং,বুধবার, দুপুর ১২.০০ঘটিকা |
| স্থান | : | প্রধান প্রকৌশলীর সভাকক্ষ |
| উপস্থিতি তালিকা | : | সংযুক্ত। |

সভাপতি সকলকে স্বাগত ও শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি বিষয়ভিত্তিক আলোচনার জন্য সংশ্লিষ্ট কর্মকর্তাকে পরামর্শ দেন। আলোচনা ও সিদ্ধান্ত নিম্নরূপঃ

আলোচ্যসূচী-১ ঃ **বিভিন্ন অনিস্পন্ন বিষয় সংক্রান্ত ঃ**

**আলোচনা** ঃ সভায় জানান হয়, গণপূর্ত অধিদপ্তর সর্ম্পকিত ২৬টি অনিস্পন্ন আইটেম ২৭/১০/২০১৬ইং তারিখের মন্ত্রণালয়ের সমন্বয় সভার কার্যপত্রে অর্ন্তভূক্ত ছিল। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (উন্নয়ন) জানান ২৬টি অনিস্পন্ন আইটেম এর মধ্যে ১৪টি আইটেমের জবাব পূর্বেই প্রদান করা হয়েছিল, যদিও সেগুলো কার্যপত্র হতে বাদ দেওয়া হয়নি।অবশিষ্ট ১২টি আইটেমের মধ্যে ১টি বিষয় ভূলবশতঃ অনিস্পন্ন আইটেমে অর্ন্তভুক্ত করা হয়েছে। ৮টির প্রতিবেদন মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। অবশিষ্ট ৩টি বিষয়ের প্রতিবেদনের জন্য মাঠ পর্যায় হতে তথ্য চাওয়া হয়েছে।প্রতিবেদন পাওয়া গেলে মন্ত্রণালয়ে প্রেরণ করা হবে।সভাপতি অনিস্পন্ন বিষয়ের হালনাগাদ প্রতিবেদন যথাসময়ে মন্ত্রণালয়ে প্রেরণের উপর গুরুত্ব আরোপ করেন।

সভায় আরও আলোচনা হয় যে, দীর্ঘ অনিস্পন্ন বিষয়ে ব্যক্তিগত যোগাযোগের মাধ্যমে নিস্পন্নের উদ্যোগ নেওয়া হচ্ছে। ইতিমধ্যেই ফোকাল পয়েন্ট কর্মকর্তাদের তালিকা ওয়েব সাইটে প্রকাশ করা হয়েছে।এছাড়াও সেবা সহজীকরণ বিষয়ে বিভিন্ন উদ্যোগ গ্রহণ করা হয়েছে। অনিস্পন্ন বিষয়ে Single Digit এ নামিয়ে আনার প্রচেষ্টা অব্যাহত আছে।তিন মাসের উর্দ্ধের অনিস্পন্ন বিষয় সম্পর্কে মাঠ পর্যায় থেকে তথ্য সংগ্রহের নিমিত্তে নির্ধারিত ছকে প্রতিবেদন চাওয়া হয়েছে। তবে মাঠ পর্যায় হতে এগুলো নির্ধারিত সময়ে পাওয়া যায় না। সভায় আরও জানানো হয় কয়েকটি গুরুত্বপূর্ণ গণপূর্ত বিভাগে ষ্টাফ অফিসার (সহকারী প্রকৌশলী) না থাকায় অফিস কার্যএম পরিচালনায় অসুবিধার সম্মুখীন হতে হচ্ছে।

**সিদ্ধান্ত ঃ** (ক) অনিস্পন্ন বিষয়ের প্রতিবেদন যথাসময়ে মন্ত্রণালয়ে প্রেরণের উদ্যোগ অব্যাহত রাখতে হবে।

(খ) অনিস্পন্ন বিষয় (৩ মাসের উর্দ্ধে) এর প্রতিবেদন মাঠ পর্যায় হতে সংগ্রহ করে জরুরী ভিত্তিতে মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।

(গ) গণপূর্ত অধিদপ্তর হতে যে সকল অনিস্পন্ন বিষয়ের প্রতিবেদন মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়, সেগুলো যেন পরবর্তী সভার কার্যপত্রে পুনরায় অর্ন্তভুক্ত করা না হয়, সে বিষয়ে মন্ত্রণালয়কে অনুরোধ জানাতে হবে।

(ঘ) ভবিষ্যতে অনিস্পন্ন বিষয় সংক্রান্ত জটিলতা পরিহারের জন্য সম্ভব হলে বিদ্যমান সকল অনিস্পন্ন বিষয়ের তালিকা একত্রে প্রকাশের জন্য মন্ত্রণালয়কে অনুরোধ জানাতে হবে।

(ঙ) প্রত্যেক গুরুত্বপুর্ণ গণপূর্ত বিভাগে নুন্যতম একজন ষ্টাফ অফিসারের (সহকারী প্রকৌশলী) পদায়ন নিশ্চিত করতে হবে।

(চ) গণপূর্ত অধিদপ্তর কর্তৃক প্রেরিত অনিস্পন্ন বিষয়াদি মন্ত্রণালয়ে সমন্বয় সভার কার্যপত্রে অর্ন্তভূক্তির বিষয়ে উদ্যোগ গ্রহণ করতে হবে।

**বাস্তবায়ন** ঃতত্ত্বাবধায়ক প্রকৌশলী (উন্নয়ন)/ তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সংস্থাপন),গণপূর্ত অধিদপ্তর,ঢাকা।

আলোচ্যসূচী-২ ঃ **জনসেবা মুলক কাজ ঃ**

**আলোচনা ঃ** সভায় সেবা সহজীকরণের লক্ষ্যে ইতিমধ্যেই যেসকল অনলাইন ভিত্তিক সেবা চালু করা হয়েছে, সেগুলোর কার্যকারিতা পর্যালোচনা করা হয় এবং ভবিষ্যতে এ বিষয়ে আরও যে সকল পদক্ষেপ গ্রহণ করা যেতে পারে, তার একটি তালিকা করা হয়েছে। সভায় আরও জানানো হয় সহজীকরণকৃত সেবার তালিকা সংক্রান্ত একটি প্রতিবেদন মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে এবং তা ওয়েব সাইটে আপলোড করা হয়েছে।

**সিদ্ধান্ত ঃ** (ক) 'সরকারী বাসা ও দপ্তরসমুহের দৈনন্দিন মেরামত' শীর্ষক চালুকৃত অনলাইন ভিত্তিক সেবার পদ্ধতি সেবা গ্রহীতাদের অবগতির জন্য পদ্ধতির বিস্তারিত বিবরণ লিফলেট আকারে প্রত্যেক ফ্ল্যাটে সরবরাহ করতে হবে।

**বাস্তবায়ন** ঃ তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সংস্থাপন)/ নির্বাহী প্রকৌশলী (এমআইএসসেল)/ নির্বহী প্রকৌশলী, ,মতিঝিল গণপূর্ত বিভাগ,ঢাকা।

আলোচ্যসূচী-৩ ঃ **গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের আওতাধীন অব্যবহৃত জমির তথ্য ঃ**

**আলোচনা ঃ** সভায় জানান হয়, গণপূর্ত অধিদপ্তর এর মালিকানাধীন অবৈধ দখলাধীন জমির বিষয়ে বিভিন্ন আদালতে বিচারাধীন মামলার প্রতিবেদন নিয়মিতভাবে মন্ত্রণালয়ে প্রেরণ করা হচ্ছে।

অবৈধ দখল উচ্ছেদকৃত অধিকাংশ জমিতে কাঁটা তারের বেষ্টনী/সীমানা প্রাচীর নির্মাণ করা হয়েছে।এ ছাড়াও মহাখালী, কক্সবাজার, নারায়ণগঞ্জ, মিরপুর প্রভৃতি জায়গায় প্রকল্প গ্রহণ করা হয়েছে।তন্মধ্যে (১) মিরপুর বাশঁপটি, ঢাকায় ১.৯৫ একর জমিতে ৩০৪টি ফ্ল্যাট নির্মাণ; (২) আলীগঞ্জ, নারায়নগঞ্জ ১১.৫ একর জমিতে ৬৭২টি ফ্ল্যাট নির্মাণ; নোয়াখালী সদর, নোয়াখালী ০.৯২ একর জমিতে দৃষ্টিনন্দিত পার্ক নির্মাণের পরিকল্পনা রয়েছে এবং ঝিলংজা, কক্সবাজার ০.৮৩৩ একর জমিতে ২টি ভবন নির্মাণ প্রভৃতি প্রকল্প সমূহ উল্লেখযোগ্য ।

**সিদ্ধান্ত ঃ** (ক) মামলার অগ্রগতি নিয়মিত ভাবে মন্ত্রণালয়কে অবহিত করতে হবে।

(খ) অবৈধ দখল হতে উদ্ধারকৃত জমিতে সীমানা প্রাচীর/ কাঁটা তারের বেড়া নির্মাণসহ প্রকল্প বাস্তবায়নের পদক্ষেপ গ্রহণ অব্যাহত রাখতে হবে ।

**বাস্তবায়ন ঃ** তত্ত্বাবধায়ক প্রকৌশলী (উন্নয়ন)/ প্রকল্প সার্কেল-১, গণপূর্ত অধিদপ্তর, ঢাকা ।

আলোচ্যসূচী-৪ ঃ **অডিট আপত্তি ঃ**

**আলোচনা ঃ** সভায় জানানো হয়, অক্টোবর/২০১৬খ্রিঃ পর্যন্ত ২টি গণপূর্ত সার্কেল ও ১৩টি গণপূর্ত বিভাগে ৫৫টি অডিট আপত্তির জবাব প্রস্তুত করে মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে।বর্তমানে উল্লেখযোগ্য কোন পেন্ডিং আপত্তি নেই।

সভায় আরও জানানো হয়, দ্বিপক্ষীয় সভা অনুষ্ঠান করার নিমিত্তে পূর্ত অডিট অধিদপ্তরের সাথে যোগাযোগ করা হয়েছে এবং নীলফামারী গণপূর্ত বিভাগের ১০টি সাধারণ আপত্তি নিয়ে আগামী ২৪/১১/২০১৬খ্রিঃ তারিখে গণপূর্ত অধিদপ্তরে একটি সভা অনুষ্ঠানের প্রক্রিয়া চলছে এবং পর্যায়ক্রমে অবশিষ্ট গণপূর্ত বিভাগসমূহের সভা আহবান করা হবে।এ ছাড়াও সভায় পূর্ত অডিট আপত্তির বর্তমান অবস্থা সম্পর্কিত পর্যালোচনা হয়।

**সিদ্ধান্ত ঃ** (ক) অডিট আপত্তি নিষ্পত্তির যথাযথ উদ্যোগ অব্যাহত রাখতে হবে ।
(খ) ২৪/১১/২০১৬খ্রিঃ তারিখে অনুষ্ঠিতব্য দ্বিপক্ষীয় সভায় নীলফামারী গণপূর্ত বিভাগের নির্বাহী প্রকৌশলী(অঃ দাঃ) অংশগ্রহণ নিশ্চিত করতে হবে।
(গ) পর্যায়ক্রমে অবশিষ্ট গণপূর্ত বিভাগসমুহ সংশ্লিষ্ট এরুপ দ্বিপক্ষীয় সভা আয়োজনের জন্য ব্যক্তিগত যোগাযোগ অব্যাহত রাখতে হবে।

**বাস্তবায়ন ঃ** তত্ত্বাবধায়ক প্রকৌশলী (মনিটরিং ও অডিট) এবং নির্বাহী প্রকৌশলী (অডিট), ঢাকা/ নির্বাহী প্রকৌশলী(অঃ দাঃ), নীলফামারী গণপূর্ত বিভাগ।

আলোচ্যসূচী-৫ ঃ **(ক) আদালতে বিচারাধীন মামলা:**

**আলোচনা ঃ** সভায় জানান হয়, পূর্ববতী মাস পর্যন্ত বিভিন্ন আদালতে মামলার সংখ্যা ছিল ১০১৬ টি এবং বর্তমান মাসে উৎপত্তি ২ টি সহ মোট মামলার সংখ্যা ১০১৮ টি । মামলাগুলির ধরন নিম্নরুপ:

| | |
|---|---|
| ▪ মহামান্য সুপ্রীম কোর্টে সিভিল পিটিশন/লীভ টু আপীল | ০৯ টি |
| ▪ হাইকোর্টে এফ এ মোকদ্দমা | ২৩ টি |
| ▪ হাইকোর্টে রীট পিটিশন মোকদ্দমা | ৩৬২ টি |
| ▪ হাইকোর্টে সিভিল রিভিশন মোকদ্দমা | ৯২ টি |
| ▪ প্রশাসনিক/ আপীল ট্রাইব্যুনাল এ, এ,টি মোকদ্দমা | ১১ টি |
| ▪ নিম্ন আদালত দেওয়ানী/ দেওয়ানী আপীল/ মিস মোকদ্দমা | ৫০১ টি |
| ▪ সার্টিফিকেট মামলা | ০২ টি |
| ▪ কনটেম্পট পিটিশন নং | ১৮ টি |
| মোট= | ১০১৮ টি |

সভায় জানানো হয়, বর্তমান মাসে ২টি মামলা নিস্পত্তি হয়েছে, যার রায় সরকারের পক্ষে হয়েছে। ইতিপূর্বে সরকারের বিরুদ্ধে রায় হওয়া ৫টি মামলার মধ্যে গণপূর্ত অধিদপ্তরের ১টি, যা সিভিল পিটিশন ফর লীভ টু আপীল নং-২০৮৮/১৩ এর রায়ের বিরুদ্ধে রিভিউ দায়ের করা

হয়েছে। বাকী ৪টি মামলা অন্যান্য দপ্তরের। সভাপতি আদালতে বিচারাধীন মামলার অগ্রগতি নিয়মিত ভাবে মন্ত্রণালয়ে প্রেরণ এর উপর গুরুত্ব আরোপ করেন।

**সিদ্ধান্ত ঃ** (ক) আদালতে বিচারাধীন মামলার প্রতিবেদন যথাসময়ে মন্ত্রণালয়ে প্রেরণ এবং মামলাগুলো নিস্পত্তির কার্যক্রম অব্যাহত রাখতে হবে।

**বাস্তবায়নঃ** তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সংস্থাপন)/ আইন কর্মকর্তা, গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।

**আলোচ্যসূচী-৫ঃ (খ) বিভাগীয় শৃঙ্খলা মূলক মামলা:**

**আলোচনা ঃ** সভায় জানান হয় যে, ১ম ও ২য় শ্রেণীর কর্মকর্তাদের দূনীতি ও শৃঙ্খলা মূলক অনিষ্পন্ন বিভাগীয় মামলার সংখ্যা ৩৭ টি (এক বছরের উর্দ্ধে ২২ টি, ছয় মাসের উর্দ্ধে ২টি এবং তিন মাসের উর্দ্ধে ১৩টি)। তাছাড়া তৃতীয় এবং চতুর্থ শ্রেনীর কর্মচারীদের দূর্নীতি ও শৃঙ্খলা মূলক বর্তমানে অনিষ্পত্তিকৃত বিভাগীয় মামলার মোট সংখ্যা-১৯ টি(এক বছরের উর্দ্ধে ১৩ টি, ছয় মাসের উর্দ্ধে ২ টি এবং তিন মাসের উর্দ্ধে ৪টি)। ১৯টি মামলা হতে ৬টি মামলা ইতিমধ্যে নিস্পত্তি হওয়ায় অনিস্পন্ন মামলার সংখ্যা ১৩টিতে দাঁড়িয়েছে।বর্তমান মাসে ৩টি মামলা নিস্পত্তি হয়েছে। সভাপতি মামলার নথিসমুহ স্বচ্ছ ও নিরপেক্ষভাবে প্রক্রিয়াকরণের উপর গুরুত্ব আরোপ করেন।

**সিদ্ধান্ত ঃ** (ক) মামলার তথ্যাদি নিয়মিতভাবে এবং সংশ্লিষ্ট সকল কাগজপত্র সমন্বয়ে মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।

**বাস্তবায়ন ঃ** তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সংস্থাপন)/ নির্বাহী প্রকৌশলী (তদন্ত), গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।

**আলোচ্যসূচী-৬ ঃ ই-সেবা কার্যক্রম ঃ**

**আলোচনা ঃ** সভায় জানান হয়, মাননীয় প্রধানমন্ত্রী নির্দেশনা অনুযায়ী PWD Website বাংলায় রুপান্তর করে Website এ অর্ন্তভূক্ত করা হয়েছে । টেন্ডার বিজ্ঞপ্তি, নিয়োগ বিজ্ঞপ্তির সার্কুলার, Transfer Order, Promotion Order Upload, Audit related Order / Fund Allotment Order, NOC/GO Note Verbale এবং বিভিন্ন দাপ্তরিক নির্দেশনা নোটিশ বোর্ডে upload করা হচ্ছে, অব্যবহৃত/অবৈধ দখল থেকে উদ্ধারকৃত জমির ডাটাবেইজ সফটওয়ার অনলাইন এ upload (Acquired Land Data base), তথ্য শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের লক্ষ্যে গণপূর্ত অধিদপ্তরের কর্মপরিকল্পনা (National integrity strategy),পরিবর্তিত ছক অনুযায়ী সিটিজেন চার্টার upload করন, বিভিন্ন জোন কর্তৃক মাসভিত্তিক অগ্রগতির প্রতিবেদন upload, তথ্য অধিকার আইন দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তার তালিকা, সকল কর্তব্যরত কর্মকর্তাদের Contact Information, অনলাইন সাময়িকী (পূর্ত বার্তা), Annual Procurement Plan (2016-17), Upload করা, বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA), Menu তে জোন, সার্কেল, বিভাগ ভিত্তিক APA Format Down loadable Form এ দেওয়া আছে।

সভায় আরও জানান হয়, জনপ্রশাসন মন্ত্রণালয়ের নিদের্শনা অনুযায়ী ইতোমধ্যে ৫৩০ জন ক্যাডার কর্মকর্তার PMIS Registration সম্পুর্ন হয়েছে । নব নিয়োগকৃত ৩৪তম বিসিএস ক্যাডার কর্মকর্তাদের অর্ন্তভূক্ত করা হচ্ছে। তাছাড়া গত ১৬/০৬/১৬খ্রিঃ তারিখে মন্ত্রিপরিষদ বিভাগে অনুষ্ঠিত সেবা পদ্ধতি সহজীকরণের অগ্রগতি ও বাস্তবায়ন পরিকল্পনা বিষয়ক তৃতীয় সভায় গৃহীত সিদ্ধান্ত মোতাবেক অধিদপ্তরের ওয়েবসাইট "Complain" মেনু Add করা হয়েছে, যার মাধ্যমে পাইলট এরিয়া হিসেবে নির্বাচিত **মতিঝিল গণপূর্ত বিভাগের** আওতাধীন আবাসিক কলোনীতে বসবাসকারীগণ দৈনন্দিন মেরামত ও রক্ষনাবেক্ষণের অভিযোগ Website এ সরাসরি দাখিল করতে পারছে এবং SMS Notification এর মাধ্যমে সেবা প্রাপ্তির অগ্রগতি সর্ম্পকে অবগত হচ্ছে। পরবর্তী কার্যক্রমে আজিমপুর গণপূর্ত বিভাগকে অন্তর্ভূক্ত করার কাজ প্রক্রিয়াধীন রয়েছে। সভাপতি ই-সেবা কার্যক্রম নিয়মিত ভাবে হালনাগাদ করার উপর গুরুত্ব আরোপ করেন।

**সিদ্ধান্ত ঃ** (ক) ই-সেবা কার্যএক্রম নিয়মিতভাবে হালনাগাদ করার কার্যএক্রম অব্যাহত রাখতে হবে।

**বাস্তবায়ন ঃ** তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সংস্থাপন) / নির্বাহী প্রকৌশলী (এম.আই.এস.সেল), গণপূর্ত অধিদপ্তর,ঢাকা।

আলোচ্যসূচী-৭ ঃ **শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন:**

**আলোচনা** ঃসভায় জানান হয়, বিগত ২০/১১/২০১৬খ্রিঃ তারিখে প্রধান প্রকৌশলীর কার্যালয়ে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি(APA) এবং নাগরিক সেবায় উদ্ভাবনী কর্মকান্ড বিষয়ে একটি সভা অনুষ্ঠিত হয়েছে। উক্ত সভায় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের অগ্রগতি নিয়েও প্রাথমিকভাবে পর্যালোচনা করা হয়েছে। সভায় জানানো হয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের লক্ষ্যে গণপূর্ত অধিদপ্তরের কর্ম পরিকল্পনা ওয়েব সাইটে আপলোড করা হয়েছে। সভাপতি শুদ্ধাচার কৌশল বাস্তবায়নে সংশ্লিষ্ট সকলকে আরও উদ্যোগী হওয়ার পরামর্শ দেন।

**সিদ্ধান্ত ঃ** শুদ্ধাচার কৌশল বাস্তবায়নে সংশ্লিষ্ট সকলকে আরও উদ্যোগী হতে হবে।

**বাস্তবায়ন ঃ** তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সংস্থাপন) / নির্বাহী প্রকৌশলী (সংস্থাপন), গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।

আলোচ্যসূচী-৮ঃ **বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (Annual Performance Agreement) (APA) ঃ**

**আলোচনা ঃ** সভায় জানান হয়, কৌশলগত উদ্দেশ্য বাস্তবায়নের প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করা হয়েছে। বার্ষিক কর্মসম্পাদন চুক্তি অগ্রগতির প্রধান প্রকৌশলীর দপ্তর হতে নিয়মিত ভাবে মন্ত্রণালয়ে প্রেরণ করা হচ্ছে। সভাপতি চুক্তি সম্পর্কিত মাসিক অগ্রগতির প্রতিবেদন মাঠ পর্যায় হতে নিয়মিত প্রাপ্তি এবং তা যথাসময়ে মন্ত্রণালয়কে অবহিত করণের উপর গুরুত্ব আরোপ করেন।

সভায় জানান হয়,সেবা সহজিকরণের ব্যাপারে গণপূর্ত অধিদপ্তরের গৃহীত কার্যক্রমের আওতায় মতিঝিল গণপূর্ত বিভাগের আওতাধীন আবাসিক কলোনীতে দৈনন্দিন মেরামত ও

রক্ষণাবেক্ষনের অভিযোগ ওয়েব সাইটে আপলোড করা এবং SMS Notification এর মাধ্যমে সেবা প্রাপ্তির অগ্রগতি অবগত হওয়ার ব্যবস্থা নেওয়া হয়েছে।তাছাড়া বরাদ্দ পত্র, টেন্ডার বিজ্ঞপ্তি, নিয়োগ বিজ্ঞপ্তির সার্কুলার, Transfer Order, Promotion Order Audit related Order / Fund Allotment Order, NOC/GO Note Verbale এবং বিভিন্ন দাপ্তরিক নির্দেশনা/নোটিশ বোর্ডে upload করা হচ্ছে । উপরন্ত তথ্য অধিকার আইন দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তার তালিকা, কর্তব্যরত সকল কর্মকর্তাদের Contact Information, সিটিজেন চার্টার ইত্যাদি আপলোড করা হয়েছে।

সিদ্ধান্তঃ (ক) কৌশলগত উদ্দেশ্য বাস্তবায়নের প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ অব্যাহত রাখতে হবে এবং এর অর্জিত অগ্রগতি নিয়মিত ভাবে মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।

(খ) বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA) অনুযায়ী মাঠ পর্যায়ের মাসিক প্রতিবেদন প্রতি মাসের নির্ধারিত তারিখের মধ্যে প্রধান প্রকৌশলীর দপ্তরে প্রেরণ করতে হবে।

(গ) সহজিকরণকৃত সেবাসমূহ অনলাইনে আপলোড করাসহ মন্ত্রণালয়কে অবহিত করতে হবে।

বাস্তবায়ন ঃ অতিরিক্ত প্রধান প্রকৌশলী, গণপূর্ত জোন- ঢাকা/ চট্রগ্রাম/ সিলেট/ রাজশাহী/ রংপুর/ বরিশাল/ খুলনা/ ই-এম, ঢাকা/ তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সমন্বয়)/ (সংস্থাপন), গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।

আলোচ্যসূচী- ৯ ঃ **e-Tendering:**

আলোচনা ঃ সভায় জানান হয়, মন্ত্রণালয়ের সিদ্ধান্ত মোতাবেক কার্যক্রম গ্রহণ করা হয়েছে এবং অগ্রগতির প্রতিবেদন নিয়মিত মন্ত্রণালয়ে প্রেরণ করা হচ্ছে। ১৪ই নভেম্বর/২০১৬ পর্যন্ত সর্বমোট ১০৯৯টি tender e-gp এর মাধ্যমে আহবান করা হয়েছে। তন্মধ্যে ৫৯০টি দরপত্রের নিস্পত্তি হয়েছে। সভাপতি মাঠ পর্যায়ের কর্মকর্তাদের অগ্রাধিকার ভিত্তিতে e-gp ট্রেনিং এর ব্যবস্থা করার উপর গুরুত্ব আরোপ করেন। তিনি বলেন, ১০০% কাজ e-gp এর মাধ্যমে করতে হলে কাজের সাথে সংশ্লিষ্ট মাঠ পর্যায়ের সকলের সুনির্দিষ্ট ট্রেনিং এর প্রয়োজন রয়েছে।

সিদ্ধান্তঃ ডিসেম্বর/২০১৬খ্রিঃ এর মধ্যে ১০০% কাজের টেন্ডার e-gp এর মাধ্যমে করার লক্ষ্যে মাঠ পর্যায়ের কর্মকর্তাদের e-gp ট্রেনিং এর ব্যবস্থা গ্রহণ করতে হবে

বাস্তবায়ন ঃ পরিচালক (গণপূর্ত ট্রেনিং একাডেমী)/ তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সংস্থাপন) / নির্বাহী প্রকৌশলী (এম.আই.এস.সেল), গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।

আলোচ্যসূচী- ১০ ঃ **প্রধানমন্ত্রীর কার্যালয়, মন্ত্রিপরিষদ বিভাগ-এর চাহিত প্রতিবেদন প্রেরণ:**

আলোচনা ঃ সভায় জানান হয়, মন্ত্রণালয়ের সিদ্ধান্ত মোতাবেক মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণের লক্ষ্যে গণপূর্ত অধিদপ্তরের প্রতিবেদন ০২/১১/২০১৬ তারিখে গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। এ ধরনের প্রতিবেদন প্রেরণের ক্ষেত্রে নির্ধারিত সময়সীমা

কঠোরভাবে অনুসরনের উপর সভাপতি গুরুত্ব আরোপ করেন। তিনি বলেন, এ সকল প্রতিবেদনের Soft Copy ই-মেইল এর মাধ্যমেও মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।

**সিদ্ধান্ত ঃ** মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণের লক্ষ্যে গণপূর্ত অধিদপ্তরের প্রতিবেদন (Soft Copy ই-মেইলে) প্রতি মাসের ০২ তারিখের মধ্যে আবশ্যিকভাবে গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।

**বাস্তবায়ন ঃ** তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সমন্বয়), গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।

আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সভার সমাপ্তি ঘোষনা করেন।

(মোঃ খোরশেদ আলম )
অতিরিক্ত প্রধান প্রকৌশলী (সংস্থাপন ও সমন্বয়)
গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।

স্মারক নং-২৫.৩৬.০০০০.২২০.০৬.০০৫.১২- ৩২২(২২) প্রগতি তারিখঃ ০৯ /০৮/১৪২৩ বঙ্গাব্দ / ২৩/১১/২০১৬ খ্রিস্টাব্দ

বিতরন ঃ

১। প্রধান প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।
২। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, গণপূর্ত জোন- ঢাকা/চট্টগ্রাম/সিলেট/রাজশাহী/রংপুর/বরিশাল/খুলনা/ ই-এম, গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।
৩। তত্ত্বাবধায়ক প্রকৌশলী- সংস্থাপন/উন্নয়ন/মনিটরিং এন্ড অডিট, গণপূর্ত অধিদপ্তর, ঢাকা ।
৪। পরিচালক, পি ডব্লিউ ডি, ট্রেনিং একাডেমী, এলেনবাড়ী তেজগাঁও, ঢাকা।
৫। উপ-সচিব (প্রশাসন-৩ অধিশাখা), গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ।
৬। আইন কর্মকর্তা, গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।
৭। নির্বাহী প্রকৌশলী- সংস্থাপন/ সমন্বয়/ তদন্ত/ এম.আই.এস.সেল/অডিট, ঢাকা।
৮। প্রধান হিসাব রক্ষন কর্মকর্তা, গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।
৯। অতিরিক্ত প্রধান প্রকৌশলী (সওস) এর ব্যক্তিগত সহকারী, গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।

(মোসলেহ উদ্দীন আহাম্মদ)
তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সমন্বয়)
গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।
ফোনঃ ৯৫৬৮৯১৪ ফ্যাক্সঃ ৯৫৫৪৬২৪

অতীব জরুরী

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
গণপূর্ত অধিদপ্তর, প্রগতি শাখা, ঢাকা

বিষয় ঃ- মাসিক প্রাক সমন্বয় সভা।

সভার তারিখ ও স্থান ঃ- ২২/১১/২০১৬, রোজ মঙ্গলবার, দুপুর ১২.০০ ঘটিকায়।

সভার স্থান ঃ- প্রধান প্রকৌশলীর সভাকক্ষ।

| ক্রমিক নং | কর্মকর্তার নাম ও পদবী | অফিসের ঠিকানা, টেলিফোন / মোবাইল নম্বর | কর্মকর্তার স্বাক্ষর |
|---|---|---|---|
| ১। | আবদুল মোমেন চৌধুরী ত:প্র (ম+ও) | 01712101717 | [signature] 22/11/16 |
| ২। | মো: তছলিম উদ্দিন [illegible] ত:প্র (ঢনং[illegible]) | 01819-245139 | [signature] 22/11 |
| ৩। | মো: মহেউদ্দিন তালুকদার নির্বাহী প্রকৌশলী | [illegible] বিভাগ 01817599288 | [signature] 22/11/16 |
| ৪। | মো: মজিবর রহমান ত.ব.প্র (স: স্থাপনা) | স: স্থাপনা 01794-113848 | [signature] 22/11/16 |
| ৫। | মো: আব্দুল [illegible] [illegible] | 01715-384988 | [signature] 22/11/16 |
| ৬। | মো: খালেদ হুসাইন নি:প্র: (সমন্বয়) | 01819133159 | [signature] 22/11/16 |
| ৭। | স্বর্ণেন্দু শেখর মন্ডল নির্বাহী প্রকৌশলী | ঢাকা গণপূর্ত বিভাগ-৪ 01716-518130 | [signature] 22.11.16 |
| ৮। | সুরঞ্জী নাসরিন ঝুমু সহকারী প্রকৌশলী | MIS CELL 01814101487 | [signature] 22.11.16 |
| ৯। | [illegible] সাবরিনা নির্বাহী প্রকৌশলী | সমন্বয়[illegible] 01552407402 | Sabrina 22.11.16 |
| ১০। | নাহিদ আফরোজ উপ-বিভাগীয় প্রকৌশলী উ:দপ্ত (কোষ) | উ:দপ্ত কোষ 01742-191275 | N. Afroz 22-11-16 |
| ১১। | | | |
| ১২। | | | |
| ১৩। | | | |

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
গণপূর্ত অধিদপ্তর, প্রগতি শাখা, ঢাকা

বিষয় ঃ- মাসিক প্রাক সমন্বয় সভা।

সভার তারিখ ও স্থান ঃ- ২২/১১/২০১৬, রোজ মঙ্গলবার, দুপুর ১২.০০ ঘটিকায়।

সভার স্থান ঃ- প্রধান প্রকৌশলীর সভাকক্ষ।

| ক্রমিক নং | কর্মকর্তার নাম ও পদবী | অফিসের ঠিকানা, টেলিফোন / মোবাইল নম্বর | কর্মকর্তার স্বাক্ষর |
|---|---|---|---|
| ১। | আবদুল মোমেন চৌধুরী<br>ত: প্র (ম+ঢ) | 01712101717 | [signature] 22/11/16 |
| ২। | মো: তছলিম উদ্দিন [illegible]<br>ত:প্র (ঢ.[illegible]) | 01819-245139 | [signature] 22/11 |
| ৩। | মো: মহেউদ্দিন তালুকদার<br>নির্বাহী প্রকৌশলী | [illegible] বিভাগ<br>01817599288 | [signature] 22/11/16 |
| ৪। | মো: মজিবর রহমান<br>উ.ব.প্র (নি: স্থাপত্য) | নি: স্থাপত্য<br>01794-113848 | [signature] 22/11/16 |
| ৫। | মো: [illegible]<br>[illegible] | 01715-384988 | [signature] 22/11/16 |
| ৬। | মো: খালেদ হুসাইন<br>নি: প্র: (সমন্বয়) | 01819133159 | [signature] 22/11/16 |
| ৭। | স্বর্ণেন্দু শেখর মন্ডল<br>নির্বাহী প্রকৌশলী | ঢাকা-গণপূর্ত বিভাগ-৪<br>0716-518130 | [signature] 22.11.16 |
| ৮। | সুরভী নাসরিন রুমু<br>সহকারী প্রকৌশলী | MIS CELL<br>01814101487 | [signature] 22.11.16 |
| ৯। | [illegible]<br>নির্বাহী প্রকৌশলী | সংস্থাপন<br>01552407402 | Salmin 22.11.16 |
| ১০। | নাহিদ আহমেদ<br>উপ-বিভাগীয় প্রকৌশলী (তদন্ত সেল) | তদন্ত সেল<br>01742-191275 | N. Ahmed 22-11-16 |
| ১১। | | | |
| ১২। | | | |
| ১৩। | | | |